# জে এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | 1 | 1 | 1 |

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। মনসুর সাহেব ও ইকবাল সাহেব একই অফিসে চাকরি করেন। ইকবাল সাহেব একজন ধর্মপরায়ণ ব্যক্তি। অফিসের সবার সাথেই তিনি ভদ্রভাবে কথা বলেন। একদিন মনসুর সাহেব তার অধীনস্থ কর্মচারী রাশেদকে এক গ্লাস পানি ও ফাইল আনতে বলেন। রাশেদ আসতে দেরি করায় মনসুর সাহেব তার সাথে অশ্লীল ভাষা ব্যবহার করেন। বিষয়টি অফিসের উর্ধ্বতন কর্মকর্তা জানতে পেরে বলেন, 'মুমিন ব্যক্তির আচরণ এরূপ হতে পারে না।'

ক. জান্নাতের স্তর কয়টি? ১
খ. জাহান্নামের শাস্তির ধরন কীরূপ? ব্যাখ্যা কর। ২
গ. মনসুর সাহেবের আচরণটি কিসের পরিপন্থী? ব্যাখ্যা কর। ৩
ঘ. অফিসের উর্ধ্বতন কর্মকর্তার উক্তিটি কি যথার্থ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২। আবদুর রহমান আখিরাতের ভয়ে নিয়মিত সালাত আদায় করে। ইমাম সাহেবের খুতবায় ইমান ও আখিরাতের বর্ণনা শুনে জাহান্নামের ভয়ে সে বিচলিত হয় এবং তার চোখে পানি আসে। সে গরিব। তার আয়-রোজগারের কথা জিজ্ঞাসা করলে সে বলে, "আলহামদু লিল্লাহ আমি ভালো আছি। আল্লাহ আমাকে যা দিয়েছেন আমি তাতে সন্তুষ্ট।"

ক. ইমান শব্দটির অর্থ কী? ১
খ. ইসলামে আখিরাতের প্রতি ইমানের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২
গ. আবদুর রহমান আল্লাহর প্রতি সন্তুষ্ট—এ থেকে আমরা কী শিক্ষালাভ করতে পারি? ৩
ঘ. আবদুর রহমান একজন প্রকৃত মুমিন—মূল্যায়ন কর। ৪

৩। ফারাবি সাহেব একজন ধর্মপরায়ণ ব্যক্তি। এলাকায় একটি মসজিদ নির্মাণের জন্য জায়গার প্রয়োজন হলো। সবাই মিলে একটি চমৎকার জায়গা নির্বাচন করল। জায়গাটি ফারাবি সাহেবের ফসল উৎপাদনের একমাত্র অবলম্বন। কিন্তু সবাই মিলে অনুরোধ করায় তিনি তা মসজিদের জন্য নিঃস্বার্থভাবে দিতে সম্মত হন। তার এ কাজে তার বড় ভাই ফাহাদ সাহেব অসন্তুষ্ট হন এবং উক্ত জায়গা দিতে প্রচণ্ডভাবে বাধা প্রদান করেন।

ক. যিলহজ মাসের কোন তারিখে আরাফায় অবস্থান করতে হয়? ১
খ. 'তাওয়াফে কুদুম' বলতে কী বোঝায় ? ২
গ. ফারাবি সাহেবের কাজের মাধ্যমে ইবাদতের কোন শিক্ষাটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ফাহাদ সাহেবের কার্যক্রম হযরত ইবরাহিম ও ইসমাঈল (আ)-এর ঘটনার আলোকে বিশ্লেষণ কর। ৪

৪। লোকমান সাহেব নিসাব পরিমাণ সম্পদের মালিক। তার এক প্রতিবেশী যাকাতের টাকা চাইলে, তিনি আগামী রমযান মাসে আসতে বলেন। রমযান মাস আসলে বলেন, এখনও হিসাব করি নি। ইতোমধ্যে তিনি সিডরে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন কাজে প্রচুর টাকাপয়সা ব্যয় করেন। প্রসঙ্গক্রমে তার বাবা তাকে বলেন, "যাকাত গরিবের হক।

নির্ধারিত সময়ে হিসাব করে যাকাত আদায় করতে হয়। পবিত্র কুরআনে আছে, তাঁদের (ধনীদের) ধন-সম্পদে অবশ্যই দরিদ্র ও বঞ্চিতদের অধিকার রয়েছে।"

ক. যাকাত শব্দের অর্থ কী? ১

খ. নিসাব বলতে কী বোঝ? সংক্ষেপে ব্যাখ্যা কর। ২

গ. লোকমান সাহেবের পুনর্বাসন কাজে আর্থিক সহায়তায় যাকাত আদায় হয়েছে কি? ব্যাখ্যা কর। ৩

ঘ. ধনীদের সম্পদে অবশ্যই দরিদ্র ও বঞ্চিতদের অধিকার আছে— বিশ্লেষণ কর। ৪

৫। মনির পিতামাতার ছোট ছেলে। জন্মের পর তার পিতা অনুষ্ঠান করে নাম রাখেন মাহবুবুর রহমান মনির। অনুষ্ঠানে একটি গরু জবেহ করা হয়। এলাকায় সে মনির হিসেবেই পরিচিত। আর অন্যদের কাছে সে মাহবুব নামেই পরিচিত।

ক. আকিকা শব্দের অর্থ কী? ১

খ. সন্তান জন্মের সপ্তম দিনে কয়টি কাজ করা উত্তম? লেখ। ২

গ. মনিরের পিতা কেন অনুষ্ঠান করে তার নাম রাখেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মনিরের পিতা যে অনুষ্ঠান পালন করেছে তার জন্য কোনো সুনির্দিষ্ট বিধিবিধান রয়েছে কি? বিশ্লেষণ কর। ৪

৬। আলম ও সালাম দুই ভাই। আলম সাহেব নিয়মিত নামায আদায় করেন না। তবে তিনি আগামী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার মানসে বিভিন্ন মসজিদে নামায আদায়ের মাধ্যমে নির্বাচনি প্রচারণা শুরু করেন। অপরপক্ষে সালাম সাহেব নিয়মিত নামায আদায়ের পাশাপাশি ছোট ছোট পাপ থেকেও বিরত থাকার আপ্রাণ চেষ্টা করেন।

ক. ইসলামি শরিয়তের প্রধান উৎস কয়টি? ১

খ. 'গাফুরুন রাহিমুন' বাক্যটি ইদগামের দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা কর। ২

গ. আলম সাহেবের বিভিন্ন মসজিদে নামায আদায়ের মাধ্যমে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সালাম সাহেবের প্রচেষ্টাটি সূরা আল-যিলযালের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭। আবির স্কুলে পড়াশুনা করে। এবার সপ্তম শ্রেণি থেকে অষ্টম শ্রেণিতে উঠল। পড়াশুনার পাশাপাশি নিয়মিত নামায পড়ে, কুরআন পড়ে। বিভিন্ন ছোটবড় সূরাগুলো অর্থসহ বুঝে পড়ার চেষ্টা করে। পাড়ার অন্যান্য ছেলেদের কুরআন পড়তে উৎসাহিত করে। তারই বন্ধু রহিম কুরআনের সূরাগুলো সম্পর্কে জানতে চাইল। আবির বলল, কুরআনের সূরাগুলোকে দুভাবে বিভক্ত করা হয়েছে। এছাড়া এসব সূরাগুলোর মধ্যে তাওহিদ, রিসালাতসহ ইত্যাদি বিষয় আলোকপাত করা হয়েছে। রহিম বন্ধুর মনোমুগ্ধকর আলোচনা শুনে খুবই অভিভূত হয়।

ক. আল-ফুরকান শব্দের অর্থ কী? ১

খ. আল-কুরআনের নামকরণের কারণ ব্যাখ্যা কর। ২

গ. আবিরের ব্যবহারিক জীবনে কুরআন কীরূপ প্রভাব ফেলছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আবিরের ব্যবহারিক জীবনে কুরআন তিলাওয়াতের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮। রায়হান সাহেব কক্সবাজারের একজন বিশিষ্ট শিক্ষানুরাগী ও সমাজসেবক। তিনি একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের পরিচালক। উক্ত বিশ্ববিদ্যালয়টিতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হলে রায়হান সাহেবের বন্ধু আব্বাস সাহেবের স্ত্রী প্রভাষক পদে আবেদন করেন। পরে রায়হান সাহেবের অনুরোধক্রমে আব্বাস সাহেবের স্ত্রী উক্ত পদে নিয়োগ লাভ করলে আব্বাস সাহেব সস্ত্রীক রায়হান সাহেবের বাসায় হাজির হয়ে কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং

http://teachingbd.com

একটি স্বর্ণের চিংড়ি মাছ সদৃশ শো-পিছ উপহার হিসেবে প্রদান করেন। একদা রায়হান সাহেবের ছোট মেয়ের বান্ধবী আবিদা বেড়াতে এসে না বলে উক্ত শো-পিছটি নিয়ে যায়।

ক. হযরত আদম (আ)-এর মর্যাদা দেখে কে ঈর্ষান্বিত হয়েছিল? ১

খ. হিংসার একটি সামাজিক কুফল ব্যাখ্যা কর। ২

গ. রায়হান সাহেবের দ্বিতীয় কাজটি আখলাকে যামিমার কোন কাজের অন্তর্ভুক্ত? পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. আবিদার কাজটির পরিণাম বিশ্লেষণ কর। ৪

৯। কামাল হোসেন এমএ পাস করে দীর্ঘদিন যাবৎ বেকার জীবনযাপন করছেন। তিনি চাকরি খুঁজতে খুঁজতে ধৈর্যহীন হয়ে পড়েছেন। পক্ষান্তরে, জামাল হোসেন ব্যবসায় প্রচুর মুনাফা অর্জন করে আনন্দে আত্মহারা হয়ে ওঠেন। তিনি বন্ধুদের নিয়ে আড্ডা জমিয়ে প্রচুর অর্থ ব্যয় করেন। হঠাৎ করে ব্যবসায় মন্দাভাব দেখা দেওয়ায় জামাল সাহেব অযথা অর্থ ব্যয়ের কথা মনে করে বার বার দুঃখ করেন।

ক. ধৈর্য কী? ১

খ. ধৈর্যের স্তরগুলো ব্যাখ্যা কর। ২

গ. উদ্ভূত পরিস্থিতিতে কামাল সাহেবের কী করা উচিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ঘটনার আলোকে ধৈর্যের তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

১০। সুরাইয়ার পিত্রালয়ে কাজ করতে এসে সালেহার সাথে সুরাইয়ার পরিচয় হয়। সালেহা অত্যন্ত দরিদ্র পরিবারের মেয়ে। বাবার মৃত্যুর পর কঠোর পরিশ্রম করে জীবিকা নির্বাহ করতে হতো। পাঁচ ওয়াক্ত নামাজ যথাযথ আদায় করত। সারারাত নফল ইবাদতে কাটাতে গিয়ে মাঝে মাঝে অসুস্থ হয়ে পড়লেও ইবাদতে কোনোরূপ বিরক্ত হতো না। সে কখনো পরমুখাপেক্ষী হতো না। আল্লাহর সন্তুষ্টি অর্জনই ছিল একমাত্র উদ্দেশ্য। সে জীবনে বিয়েও করে নি। পক্ষান্তরে, সুরাইয়া ছোটবেলা থেকে পড়াশুনায় ব্যস্ত থাকত। বিশেষ করে কুরআন ও হাদিস চর্চাই ছিল তার মূল কাজ। স্বামীগৃহে গিয়ে সংসার ও আত্মীয়স্বজনের অধিকার যথাযথ পালনসহ রাতের অধিকাংশ সময় ইবাদতে মগ্ন থাকত। সে ছিল সংস্কৃতিমনা, তবে পর্দার ক্ষেত্রে কোনো প্রকার আপস করত না।

ক. মহানবি (স.) কোথায় বিদায় হজের ভাষণ দিয়েছিলেন? ১

খ. 'সত্য মানুষকে মুক্তি দেয়' — বুঝিয়ে লেখ। ২

গ. সুরাইয়ার কর্মে কোন মনীষীর আদর্শ ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সালেহার জীবনে হযরত রাবেয়া বসরি (র)-এর আদর্শ ফুটে উঠেছে— উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১। ধর্মীয় শিক্ষক শ্রেণিতে শিক্ষার্থীদের সম্মুখে এমন একজন ব্যক্তির আদর্শের কথা তুলে ধরেন, যিনি রাষ্ট্রে ন্যায়পরায়ণতা, ধর্মপরায়ণতা, সাম্য-মৈত্রী, ভ্রাতৃত্ব ও সকলের ন্যায্য অধিকার প্রতিষ্ঠা করেন। তিনি খোলাফায়ে রাশিদিন না হয়েও তাদের পদাঙ্ক অনুসরণ করেছেন।

ক. কাকে পঞ্চম খলিফা বলা হয়? ১

খ. 'ফাতহুম মুবিন' বলতে কী বোঝ? লেখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যক্তির কর্মকাণ্ড ও চিন্তাধারা কোন খলিফার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত ব্যক্তির জীবনীর আলোকে গণতান্ত্রিক সমাজ ব্যবস্থায় একজন শাসকের নীতি কেমন হওয়া উচিত বলে তুমি মনে কর? ৪

# জে এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : 1 1 1

সময়—৩০ মিনিট বহুনির্বাচনি অভীক্ষা মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. হযরত ইব্রাহিম (আ.) কোন জালিম শাসকের বিরোধিতা করেছিলেন?
ⓚ ফিরআউন ⓛ নমরুদ
ⓖ সাদ্দাম ⓘ হামান

২. অসভ্যতা ও বর্বরতার প্রতীক কোনটি?
ⓚ ঘুষ ⓛ সুদ
ⓖ পরশ্রীকাতরতা ⓘ অশ্লীলতা

৩. বারযাখ বলতে কী বোঝানো হয়েছে?
i. দুনিয়া ও কিয়ামতের মধ্যবর্তী জীবন
ii. আখিরাতের প্রথম পর্যায়
iii. কবরের জীবন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৪. পাপ ও অনৈতিক কাজের জন্য ধ্বংস করা হয়েছিল কোন জাতিকে?
i. আদ জাতিকে ii. ছামুদ জাতিকে
iii. বনি ইসরাইলকে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৫. শাফায়াতে কুবরা বলতে বোঝানো হয়েছে—
ⓚ আমলনামা ডান হাতে দেওয়ার জন্য শাফায়াত
ⓛ পাপীদের জাহান্নাম থেকে মুক্তির জন্য শাফায়াত
ⓖ হিসাব শুরু করার জন্য শাফায়াত
ⓘ মুমিনদের মর্যাদা বৃদ্ধির জন্য শাফায়াত

৬. কাফিরদের অত্যাচারে সাহাবিগণ প্রথমে কোথায় হিজরত করেন?
ⓚ তায়েফে ⓛ মদিনায়
ⓖ সিরিয়ায় ⓘ আবিসিনিয়ায়

৭. অভাবী ও বঞ্চিত জনগোষ্ঠীর উন্নয়নে সম্পদশালী ব্যক্তিদের করণীয় কী?
ⓚ তাদের সম্পদ নিয়োগ করা
ⓛ মাসিক ভাড়া প্রদান
ⓖ ভোজনালয় স্থাপন ⓘ চিকিৎসালয় স্থাপন

৮. সর্বস্তরের জনগণের উপকারে আসে এমন সমাজসেবামূলক কাজ হচ্ছে—
i. নতুন রাস্তা নির্মাণে সাহায্য করা
ii. রাস্তার পাশে ছায়াদার বৃক্ষরোপণ ও সংরক্ষণ
iii. আহত ব্যক্তিকে চিকিৎসা কেন্দ্রে পৌঁছে দেওয়া
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

৯. সমাজসেবার অন্তর্ভুক্ত হলো—
i. সামাজিক নিরাপত্তা রক্ষা
ii. পারস্পরিক দ্বন্দ্ব মেটানো
iii. সন্তানদেরকে যোগ্য করে গড়া
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও iii ⓛ i ও ii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১০. কালিমুল্লাহ কার উপাধি?
ⓚ হযরত মুসা (আ.) ⓛ হযরত ঈসা (আ.)
ⓖ হযরত আদম (আ.)
ⓘ হযরত সোলায়মান (আ.)

১১. এই সেই কিতাব, যাতে সন্দেহের কোনো অবকাশ নেই।"—এটি কোন সূরার আয়াত?
ⓚ সূরা আনফাল ⓛ সূরা আল-বারাকা
ⓖ সূরা-আলে-ইমরান ⓘ সূরা আন-নিসা

১২. আল্লাহর নিকট মুনাজাত করতে হয়, কারণ—
i. দুনিয়া আখিরাতের ভালোমন্দ আল্লাহর হাতে
ii. মুনাজাত নামাজের অংশ
iii. এতে আল্লাহর সন্তুষ্টি হাসিল ও গুনাহ মাফ হয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১৩. হযরত মুহাম্মদ (সা.) ইন্তিকাল করেন—
ⓚ ৭ জুলাই, সোমবার ⓛ ৭ জুন, সোমবার
ⓖ ১২ জুলাই, শুক্রবার ⓘ ৯ অক্টোবর, বুধবার

http://teachingbd.com

■ নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪–১৭নং প্রশ্নের উত্তর দাও :

মিজান চৌধুরীর এক ছেলে ও এক মেয়ে। তিনি তাদের জন্য ছাগল আকিকা দিতে চান।

১৪. শরিয়তের দৃষ্টিতে মিজান চৌধুরীর কাজটি—
ক সুন্নাহ খ ফরজ
গ মুস্তাহাব ঘ ওয়াজিব

১৫. মিজান চৌধুরী ছাগল দিয়ে আকিকা করতে চাইলে, কয়টি ছাগল আকিকা দিতে হবে?
ক ১টি খ ২টি গ ৩টি ঘ ৪টি

১৬. মিজান চৌধুরী উক্ত কাজটি সম্পাদন করলে—
i. প্রতিবেশী খুশি হবেন
ii. আল্লাহ খুশি হবেন
iii. বিপদ-আপদ দূর হবে
নিচের কোনটি সঠিক?
ক ii ও iii খ i ও iii গ i ঘ i ও ii

১৭. সন্তান জন্মের ৭ম দিন আকিকা করা—
ক সুন্নাত খ মুবাহ
গ ওয়াজিব ঘ মুস্তাহাব

১৮. কোনটি মানবজীবনে সফলতার চাবিকাঠি?
ক ধৈর্য খ পরমতসহিষ্ণুতা
গ ন্যায়পরায়ণতা ঘ পরোপকার

১৯. ইকলাব শব্দের অর্থ কী?
ক পরিবর্তন করে পড়া খ দীর্ঘ করে পড়া
গ মিলিয়ে পড়া ঘ স্পষ্ট করে পড়া

২০. হযরত আদম (আ.)-এর পুত্রদ্বয়ের নাম কী?
ক হযরত ঈসা ও মুসা (আ.)
খ ইয়াজুজ-মাজুজ
গ হাবিল-কাবিল ঘ ইয়াজিদ-ইয়ামিন

২১. সূরা যিলযালের আলোচ্য বিষয় কী?
ক বেহেশতের সুখ-শান্তির বিবরণ
খ কবরের আযাবের বিবরণ
গ দোযখের ভয়াবহ অবস্থার বিবরণ
ঘ কিয়ামতের ভয়াবহ অবস্থার বিবরণ

২২. কুরবানির উপযুক্ত গরুর বয়স কত হবে?
ক এক বছর খ দুই বছর
গ তিন বছর ঘ চার বছর

২৩. কী ধরনের ত্রুটির কারণে 'দম' দিতে হয়?
ক ফরজ ছুটে গেলে খ ওয়াজিব ছুটে গেলে
গ সুন্নাত ছুটে গেলে
ঘ ভুল হয়েছে এমন সন্দেহ মনে হলে

■ নিচের অনুচ্ছেদটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :

উহুদের যুদ্ধ মুসলমানদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। নেতার আদেশ অমান্য করা এ যুদ্ধে পরাজয়ের অন্যতম কারণ।

২৪. উহুদের যুদ্ধে কতজন মুসলমান সৈনিক শাহাদাত বরণ করেছিল?
ক ৩১৩ খ ৭০ গ ১৭ ঘ ১০০০

২৫. উহুদের যুদ্ধে অমুসলিম বাহিনীর নেতা কে ছিল?
ক আবু জাহেল খ আবু সুফিয়ান
গ আবু লাহাব ঘ আবু তালেব

২৬. আবদুল মুত্তালিব বায়তুল্লাহ রক্ষায় কী ভূমিকা গ্রহণ করেছিলেন?
i. আল্লাহর ওপর ছেড়ে দিয়েছেন
ii. যুদ্ধের প্রস্তুতি নিয়েছেন
iii. গোত্রীয় সকল লোকদেরকে সংঘবদ্ধ করেছেন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ i ঘ ii ও iii

২৭. হজ কেমন ইবাদত?
ক ব্যক্তিগত খ সমষ্টিগত
গ সামাজিক ঘ আধ্যাত্মিক

২৮. বিদায় হজের ভাষণ মুসলিম জাহানের জন্য কী বহন করে?
i. সভ্যতাকে সমৃদ্ধ করে
ii. শান্তি-শৃঙ্খলা রক্ষা করে
iii. ব্যক্তি আখিরাতে পুরস্কার পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২৯. 'ফাতহুম মুবিন' বলতে বোঝায়—
i. সুনির্দিষ্ট বিজয় ii. সুস্পষ্ট বিজয়
iii. হুদায়বিয়ার সন্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. ভ্রাতৃত্বকে কয় ভাগে ভাগ করা যায়?
ক দুই খ তিন গ পাঁচ ঘ সাত

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | ক | ৪ | ক | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ক | ৯ | খ | ১০ | ক | ১১ | খ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | গ |
| ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | গ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | খ |

http://teachingbd.com